## ফেব্রুয়ারি-২০২৩ মাসে অনুষ্ঠিত ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : ফিরোজুর রহমান
সভার তারিখ : ২৮.০২.২০২৩ খ্রি. তারিখ
সময় : বেলা ১০.৩০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক''

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনার পর কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি উপজেলা পরিষদ আইন অনুযায়ী গঠিত স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান এবং সভার মাধ্যমে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণক্রমে পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এবং বিভাগীয় প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলউপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর কর্তৃক তাঁর বিভাগের কার্যক্রমের সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২। আমার বাড়ি আমার খামার প্রকল্প | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণবাড়িয়া সদর শাখার কার্যক্রম চলমান রয়েছে। সমিতি গঠনের লক্ষমাত্রা এ অর্থবছরে ৭৬টি। চলতি মাসে ঋণ বিতরণ ৩৯.০০ লক্ষ টাকা, ঋণ আদায় ৫.৮০ লক্ষ টাকা। খেলাপী ঋণের বিষয়ে তাগিদ প্রদান করা হচ্ছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পের মার্কেটিং সেন্টার বর্তমান বভনের কাজ চলমান। নির্মাণ কাজ শেষ হলে সেবার মান আরো বৃদ্ধি পাবে। | বিস্তারিত আলোচনান্তে আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজের গুণগত মান বজায় রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী ও ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৩। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর তাঁর বিভাগের কার্যক্রম তুলে ধরেন।<br>(ক) যে সব কার্য সম্পন্ন হয়েছেঃ<br>১। কমিউনিটি ক্লিনিকে জানুয়ারি ২০২৩ মাসে ১১ টি প্রসব কার্য সম্পাদন করা হয়েছে।<br>২। কমিউনিটি ক্লিনিকে জানুয়ারি ২০২৩ মাসে সর্বমোট রোগীর সংখ্যা ২৬৯৫৩ জন।<br>৩। ইপিআই ৯৮% কাজ সম্পন্ন করা হয়েছে। | চিকিৎসা সেবা কার্যক্রম যথারীতি চলবে। প্রত্যেক রোগী যাতে শতভাগ চিকিৎসা সেবা পায় সে লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৪। পরিবার পরিকল্পনা | বিভাগ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানন যে, পরিবার পরিকল্পনা বিভাগে জানুয়ারি-২০২৩ মাসে ০১ জন পুরুষ বন্ধ্যাকরন,১৩ জন মহিলা বন্ধ্যাকরন,৫৯ জন আইইউডি,৯২জনকে ইমপ্লান্ট সেবা সম্পাদন করা হয়। এছাড়াও খাবার বড়ি সুখী ৬৯৩৭ (চক্র),কনডম ১৭৯০৩ পিস,ইনজেকটেবলস (ভায়াল)১৯২১ পিস বিতরন করা হয়। বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৯২ টি স্বাভাবিক প্রসব সেবা ,৪৭৩ জন সাধারন রোগী (পুরুষ),৩৫৩৮ জন সাধারন রোগী (মহিলা) শিশু ০-৫ বছর ১১৩৮ জনকে সেবা প্রদান করা হয়।এছাড়া মাছ পর্যায়ে ৩৫২২ জন গর্ভবতী নিবন্ধন করা হয় এবং ১৬৪০ জনকে গর্ভকালীন সেবা,৪২৪ জনকে গর্ভোত্তর সেবা,৬২৪ জনকে প্রসব সেবা প্রদান করা হয়। সকল ইউনিয়নে পরিবার পরিকল্পনা বিভাগের কর্মীদের মাধ্যমে ৫৩ টি উঠান বৈঠক, ৩৪ টি স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম সম্পাদান করা হয়।০৫ টি আশ্রায়ন প্রকল্পেও পরিবার পরিকল্পনাদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও চলতি মাসে জাইকার উদ্যোগেও ০৫ টি মাধ্যমিক স্কুলে কিশোর কিশোরীদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ শিক্ষা বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এই কর্মশালার মাধ্যমে কিশোর কিশোরীদের মাঝে সচেতনা বৃদ্ধিসহ কৈশরকালীন বিভিন্ন স্বাস্থ্য শিক্ষা নিয়ে আলোচনা করার ফলে একটি ফলপ্রসু ভূমিকা পালন করেছে।সমাজের প্রত্যেক স্তর থেকে ভবিষ্যতে এধরনের কর্মশালা আরোও ব্যাপক পরিসরে অনুষ্ঠানের জন্য সুপারিশ করা হয় এবং এই কর্মশালা অনুষ্ঠানের জন্য উপজেলা পরিষদ এবং স্থানীয় সরকারকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | বর্তমান ধারা অব্যহত রেখে তদারকি আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরকল্পনা কর্মকর্তা |
| ৫। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সদর, ব্রাহ্মণবাড়িয়া জানান যে, এ বছর রোপা আমন ধান অত্র উপজেলায় ১০,০০০ হেক্টর জমিতে রোপাআমন আবাদ হয়েছে। রোগবালাইয়ের আক্রমন কম। আশা করা যায়, ফলন ভালো হবে। রবি/২০২২-২০২৩ মৌসুমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূট্টা ১৩০ জন, গম ৫০ জন, সরিষা ১০০০ জন, সূর্যমুখী ১৭০ জন, পেয়াজ ২০ জন সর্বমোট ১৩৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার (ডিএপি, এমওপি) বিতরণ করা হয়েছে। কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় সরকার কর্তৃক ভর্তুকি মূল্যে ৫টি কম্বাইন হারভেস্টর, রিপার-১ টি পাওয়ার থ্রেসার ২টি বিতরণ করা হয়েছে। সার্বিক অফিসিয়াল কার্যক্রম ভাল। | সার ও বালাইনাশক মজুদ যথা নিয়মে মনিটরিং করতে হবে। | ৫। কৃষি বিভাগ |
| ৬। মৎস্য বিভাগ | জানুয়ারি- ২০২৩ মাসে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলাধীন তিতাস নদীসহ অন্যান্য জলাশয়ে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়নে ১টি মোবাইল কোর্ট ও ৪টি অভিযানের মাধ্যমে ৭৫টি দল/জাগ অপসারণ করা হয়েছে এবং আনুমানিক ২২০০০ মিটার কারেন্ট জাল ও | পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | |

৫১টি রিং জাল (প্রায় ২৫০০ মিটার) ধ্বংস করা হয়েছে। এছাড়া আনন্দ বাজারে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে প্রায় ১৫ কেজি পুসড চিংড়ি ধ্বংস করা হয়েছে এবং ১ জনকে মোট ১০,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। পুসড চিংড়ি/ফরমালিনযুক্ত মাছ/পিরানহা/আফ্রিকান মাগুর যাতে বিক্রি না হয় সেজন্য নিয়মিত হাট-বাজার পরিদর্শন করা হচ্ছে। রাজস্ব বাজেটের আওতায় ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলাধীন ১৪টি সরকারি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে কাতলা, রুই ও মৃগেল মাছের সর্বমোট ৪০০ (চারশত) কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। এছাড়া, মৎস্য চাষি/উদ্যোক্তাদের বিভিন্ন পরামর্শ সেবাসহ অন্যান্য মৎস্য সম্প্রসারণমূলক কাজ চলমান রয়েছে।

৭। প্রাণি সম্পদ বিভাগ

| কার্যক্রমের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | চলতি মাসের লক্ষ্য মাত্রা | চলতি মাসে অর্জন | ক্রম:পুঞ্জিত লক্ষ্য মাত্রা | ক্রম:পুঞ্জিত অর্জন | ক্রম: পুঞ্জিত অর্জনের হার |
|---|---|---|---|---|---|---|
| ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (লক্ষ) | | | | | | |
| তরল সিমেনদ্বারা | -- | -- | -- | -- | -- | -- |
| হিমায়িত সিমেন দ্বারা | ৮৮২০ | ৭৩৫ | ৮০৫ | ৩৬৭৫ | ৪১৬৫ | ৪৭% |
| সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ (লক্ষ) | ৩৪৯০ | ২৩১ | ২৭১ | ১৪৫৫ | ১৬৬৭ | ৪৮% |
| সরকারিভাবে টিকা প্রদান(কোটি) | | | | | | |
| গবাদিপশু (সংখ্যা) | ৩৪১০০ | ২৮৪২ | ৫৭৫৮ | ১৪২০৮ | ১৭৪০৬ | ৫১% |
| হাঁস-মুরগী (সংখ্যা) | ৩২৭৮০০ | ২৭৩১৭ | ৫৪১০০ | ১৩৬৫৮৩ | ১৭৮৭০০ | ৫৫% |
| গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ১৬৫০০ | ১৩৭৫ | ১৪৪৩ | ৬৮৭৫ | ৭১৫৪ | ৪৩% |
| হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ২০৩৫০০ | ১৬৯৫৯ | ১৭৬১৪ | ৮৪৭৯২ | ৮৫৮৩৯ | ৪২% |
| পোষা প্রাণীর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ১৫০ | ১৩ | ১২ | ৬৩ | ৬৫ | ৪৩% |
| গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ১৩৭ | ১২ | ১২ | ৫৮ | ৬০ | ৪৪% |
| গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ১৬ | ২ | ২ | ৯ | ১০ | ৬২% |
| ফ্রি ভেটেরিনারী মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা) | ০৭ | ১ | - | ৩ | ৫ | ৭৮% |
| (ক) খামারি প্রশিক্ষণ প্রদান (লক্ষ) | ৬২৫ | ৫৩ | - | ২৬০ | - | - |
| (খ) মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (জন) | ৩০ | ৩ | - | ১৫ | - | - |
| ক) উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) | ৪২ | ৪ | ৪ | ১৮ | ২০ | ৪৮% |
| খ) উঠান বৈঠকে অংশগ্রহণকারী (সংখ্যা) | ৫০০ | ৪২ | ৪৫ | ২০৮ | ২৩৩ | ৪৭% |
| স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ০৯ | ১ | ০.৫ | ৪ | ৬ | ৬৬% |
| খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ৯৭ | ৮ | ১০ | ৪০ | ৪৭ | ৪৮% |
| (ক) গবাদিপশুর খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ০২ | ১ | ৭ | ১ | ১৪ | ৭০০% |
| (খ) পোল্ট্রি খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ০৪ | ১ | ০ | ২ | - | - |
| মোবাইল কোর্ট পরিচালনা (সংখ্যা) | ০৬ | ১ | - | ৩ | ৩ | ৫০% |
| দুধউৎপাদন (ল.মে.টন) | ০.৫০ | ০.০৪১৬৬ | ০.০৭৯৬ | ০.২০৮৩ | ০.২১৩ | ৪৩% |
| মাংসউৎপাদন (ল.মে.টন) | ০.১৭ | ০.০১৪১৬ | ০.০১৪ | ০.০৭০৮ | ০.০৭২ | ৪২% |
| ডিমউৎপাদন (কোটি) | ৪.০০ | ০.৩৩৩৩৩ | ০.৪১৩৮ | ১.৬৬৬৬ | ১.৬৩৫৭ | ৪১% |

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর।

| | | | |
|---|---|---|---|
| ৮। সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় সমাজসেবা অধিদফতরের মাধ্যমে ইতোপূর্বে ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগী এবং থ্যালাসেমিয়া রোগীর আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম জানুয়ারি-২০২৩ মাসে ৪০ জন রোগীর আর্থিক সহায়তা প্রদানের চেকের বরাদ্দ পাওয়া গিয়াছে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন কর উল্লেখ করেন যে, এ কার্যক্রমের আওতায় চেকপ্রাপ্ত রোগীগণ সোনালী ব্যাংকে হিসাব খোলার তথ্যাদি এবং প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা সমাজসেবা কার্যালয় প্রেরণ করবেন। এছাড়া চলতি বছরে নিয়মিত ভাতা প্রদানসহ অন্যান্য কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে বলে সভায় উল্লেখ করেন। প্রান্তিক জনগোষ্ঠির জরীপ কর্মসূচী চলমান রয়েছে। প্রতিবন্ধীদের পরিচয় পত্র তৈরী ও বিতরণ কার্যক্রম অব্যাহত বলে তিনি উল্লেখ করেন.। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে । | বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা সম্মানীভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা ও প্রতিবন্ধীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি যথানিয়মে দ্রুত সময়ে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর। |
| ৯। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা জানান যে, যুবঋণ বরাদ্দ ২৩.১৮,৮০০/-, চলমান মাসের ঋণ বিতরণ-নাই, চলতি অর্থ বছরের ঋণ বিতরণ ১৪,২০,০০০/-, চলমান মাসে প্রশিক্ষণ-৩০জন, চলতি অর্থ বছরের প্রশিক্ষণ-৯০ জন, আত্মকর্মী চলমান মাসে ২১ জন, চলতি অর্থ বছরের ৬৩ জন, অত্র কার্যালয়ের ঋণ আদায়ের হার (চলমান) ৯৮% ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৯%, ঋণ খেলাপীর টাকার পরিমাণ ১,৫৪,৭০১/- । জেলা কার্যালয়ে পোষাক তৈরি প্রশিক্ষণে চলতি ব্যাচে অত্র কার্যালয়ের মাধ্যমে ০৬ জন যুব মহিলা ভর্তি হয়েছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথারীতি চলবে। খেলাপী ঋণ আদায়ের তৎপর হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর। |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, সারাদেশের ন্যায় ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় এইচএসসি পরিক্ষার ফলাফল বের হয়েছে। ফলাফল সন্তোজনক।<br>তিনি আরো জানান যে, মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য আইপিএস ও টাইলসকরনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে এক লক্ষ টাকা অনুমোদনের জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উত্থাপিত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সদর উপজেলা ব্রাহ্মণবাড়িয়া | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠ ও যথা নিয়মে চলছে। তিনি আর ও জানান যে,<br>PSWSC প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ২৮৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৮৫% ।<br>ARRP প্রকল্পের আওতায় ১৪৩টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৭৫% ।<br>GPS প্রকল্পের আওতায় ১৩ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে TSP স্থাপন কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৯০% এবং<br>পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লক নির্মান কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৮৫% ।<br>মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৮টি কমিউনিটি ক্লিনিকের Running Water and Associated Facilitics in toilet এর মেরামত কাজ চলমান আছে। অগ্রগতি ৪০% এবং ০২টি পাবলিক টয়লেট ও ০৫টি Hand Wash basin এর বরাদ্দ পাওয়া গিয়াছে। স্থান নির্বাচন প্রক্রিয়াধীন ।<br>এছাড়া অন্যান্য দপ্তরিক কাজ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | ক। নলকূপ স্থাপনের কাজ যথাযথভাবে হচ্ছে কিনা তাহা তদারকী করতে হবে।<br>খ। ওয়াশ ব্লক নির্মানের কাজ বিদ্যালয়ের জায়গা যেন অপচয় না হয় সে দিকে খেয়াল রেখে নির্মান করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর)ও সংশ্লিষ্ট সকল। |
| ১২। সমবায় বিভাগ | ১.<u>অডিট কার্যক্রম</u> : অত্র উপজেলায় বিভাগীয় অডিটযোগ্য সমিতির সংখ্যা ১০৫ টি তন্মধ্যে অডিট সম্পাদন হয়েছে ৪০ টি।<br>বিআরডিবিভূক্ত সমিতির সংখ্যা ১৮৯টি।<br>২.<u>অডিট ফি ধার্য ও আদায়:</u> আলোচ্য ২০২২-২০২৩ খ্রি. বছরে অত্র কার্যালয়ের বিভাগীয় প্রাথমিক, কেন্দ্রীয় সাধারণ, কেন্দ্রীয় পউবো একত্রে ১৬৭৮৫০/-টাকা অডিট ফি ধার্য করা হয়েছে এবং ১০৬৬৭০/-টাকা অডিট ফি আদায় করা হয়েছে।<br>৩. <u>সমবায় উন্নয়ন তহবিল আদায়</u> : আলোচ্য ২০২১-২০২২ খ্রি. বছরে অত্র কার্যালয়ের বিভাগীয় প্রাথমিক, কেন্দ্রীয় সাধারণ, কেন্দ্রীয় পউবো একত্রে ২০৮০৪৩/-টাকা ধার্য করা হয়েছে এবং ১৭৪১১৩/-টাকা আদায় করা হয়েছে।<br>৪. <u>মজলিশপুর পশ্চিমপাড়া আশ্রয়ণ প্রকল্প</u> : মজলিশপুর পশ্চিমপাড়া আশ্রয়ণ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমাণ ৭০০০০০/-টাকা এবং ক্রমপুঞ্জিভূত ঋণ আদায়ের পরিমাণ ৬৬৯০৬০/-টাকা। মাঠে পাওনা ঋণের পরিমাণ ৩০৯৪০/-টাকা। ঋণ আদায়ের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সপ্তাহে একদিন নিয়মিতভাবে আশ্রয়ণে গমন করিয়া থাকেন।<br>৫. <u>চিনাইর লাখুনিয়া দীঘি আশ্রয়ণ প্রকল্প ঋণ কার্যক্রম</u> : উক্ত প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমাণ ৪০০০০০/-টাকা। ক্রমপুঞ্জিভূত ঋণ আদায়ের পরিমাণ ৩০৬৭৫৬৪/-টাকা এবং মাঠে পাওনা ঋণের পরিমাণ ৭৩০৩২/-টাকা। ঋণ আদায়ের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সপ্তাহে একদিন নিয়মিতভাবে আশ্রয়ণে গমন করিয়া থাকেন।<br>৬. <u>কাঞ্চনপুর আশ্রয়ণ (ফেইজ-২ )প্রকল্প</u> : উক্ত প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের | অবশিষ্ট সমিতির অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে<br>অডিট সেস ও ভ্যাট আদায় পূর্বক সরকারী কোষাগারে জমা দিতে হবে । আশ্রয়ন প্রকল্পের ঋন আদায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সপ্তাহে কমপক্ষে দুই বা ততোধিক দিন গমন করতে হবে । | উপজেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর। |

| | | | |
|---|---|---|---|
| | পরিমাণ ৪৫০০০০/-টাকা। ক্রমপুঞ্জিভূত ঋণ আদায়ের পরিমাণ ১২১৫০০/-টাকা এবং মাঠে পাওনা ঋণের পরিমাণ ৩২৮৫০০/-টাকা। ঋণ আদায়ের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতি মাসে একদিন নিয়মিতভাবে আশ্রয়ণে গমন করিয়া থাকেন।<br>৭. <u>ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ</u>: উক্ত ব্যাংকের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে কনজুমার্স/পার্সোনাল ঋণ প্রকল্প চালু রহিয়াছে। উক্ত প্রকল্পে অক্টোবর/২০২১ খ্রি. মাস পর্যন্ত ৪৪৫ জন ঋণ গ্রহণকারীর মধ্যে ১৫,৩৬,০০,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের পরিমাণ ৩৯,৩৭,০৭৮/-টাকা। ঋণ আদায়ের হার ৬২%। নিয়মিত ঋণ আদায়ে ব্যাংক কার্যক্রম করিয়া আসিতেছে।<br>৮. <u>প্রশিক্ষণ সংক্রান্ত (সমবায়ী)</u> : আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট মৌলভীবাজার সমবায় সমিতির সদস্য 'গরু মোটা-তাজাকরণ' কোর্সে ০৫ জন পুরুষ ও সমবায় 'সমিতির হিসাব সংরক্ষণ' কোর্সে ০৫ জন মহিলা প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে।<br>৯. <u>প্রশিক্ষণ সংক্রান্ত (কর্মচারী)</u> : আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট মৌলভীবাজার সমবায় সমিতির সদস্য ' রিফ্রেসার্স (দক্ষতা উন্নয়ন)' কোর্সে ০১ জন এবং 'হিসাব ও নিরীক্ষা' কোর্সে ০১ জন কর্মচারী প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। | | |
| ১৩। মহিলা বিষয়ক অধিদপ্তর | ০১. **মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বিতরণঃ** মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় জানুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত ১৩৫০ জন দুঃস্থ মহিলার মাঝে ১,৮২,৫০,০০০/-(এক কোটি বিরাশি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঘূর্ণায়মান ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণের কিস্তি আদায় চলছে। আদায়ের হার ৯৭%।<br>০২. **দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাঃ** এ কর্মসূচির আওতায় ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় জানুয়ারি, ২০২৩ পর্যন্ত মাসিক ৮০০/-(আটশত) টাকা হারে ১৫৫১ জন উপকারভোগীর মাঝে ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে এবং জানুয়ারি ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত ০৬ মাসের ভাতা বিতরণ কার্যক্রম চলমানা রয়েছে।<br>০৩. **নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভাঃ** ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা জানুয়ারি, ২০২৩অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া জানুয়ারি, ২০২৩ মাসে নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন আবেদন পাওয়া যায়নি।<br>০৪। **ভিজিডিঃ** ২০২২-২০২৩ চক্রের সদর উপজেলায় ১১টি ইউনিয়নে ১০৫০জন ভিজিডি উপকারভোগীর মাঝে জানুয়ারি, ২০২৩ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে।<br>০৫। **কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পঃ** ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ''কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের'' আওতায় ব্রাহ্মণবাড়িয়া পৌরসভাসহ ১১টি ইউনিয়নে কিশোর কিশোরী ক্লাব স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। | ঋণের কিস্তি আদায়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা এবং ভিজিডি কার্যক্রম যথারীতি চলবে। | উপজেলা প্রোগ্রাম অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর |
| ১৪। শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বদলি কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষকগণ অনলাইনে আবেদন করতে পারবেন।<br>তিনি আরো জানান যে, ৫-১১ বছর বয়সের শিক্ষার্থীদের কোভিড টিকা প্রদান কার্যক্রম শুরু হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সফল করার জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | নিয়মিত শিক্ষার্থীদের পাঠদানের বিষয়ে সকল প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর। |
| ১৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, বর্তমান উপজেলা নির্বাহী অন্যত্র বদলী হওয়ায় নতুন উপজেলা নির্বাহী অফিসার যোগদান ও বাসভবনে ওঠার পূর্বেই বাসভবন রংকরন, বৈদ্যুতিক লাইন ও দরজা জানালা মেরামত করার জন্য ২০০০০০/- প্রয়োজন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে মিটানোর প্রস্তাব পেশ করেন। | উপজেলা নির্বাহী অফিসারের বাসা রংকরন ও যাবতীয় মেরামত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৬। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার একক গৃহের কাজ সফলভাবে বাস্তবায়ন করা হচ্ছে। ৪র্থ পর্যায়ে আশ্রয়ন প্রকল্পের ১০৫ জন উপকারভোগীর মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ বাবদ ২০০০০০/- টাকা জরুরীভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। | আশ্রয়ন প্রকল্পের কাজের গুনগত মান ধরে রাখতে হবে। চাহিত বরাদ্দ উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয় মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ১৭। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) জনাব মো: খলিলুর রহমান মহোদয় কুমিল্লা জেলা বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সর্ম্পকিত আলোচনা সভায় গাছকে সুন্দর ও পরিচ্ছন্ন রাখার নিমিত্তে বৃক্ষে কোনরকম পেরেক/পিন গাঁথা না থাকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থার নিদের্শ প্রদান করেন। সকল গাছে পিন/পেরেক/সাইনবোর্ড গাঁথা মুক্ত করার নিদের্শ প্রদান করেন। | বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বৃক্ষ থেকে সকলপ্রকার পিন/পেরেক/সাইনবোর্ড অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর। |
| ১৮। উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ পর্যায়ে (২০২২-২০২৩) অর্থ বছরে সক্ষমতা উন্নযন মূলক উপপ্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা হয়েছে। | প্রকল্পের কাজ সঠিকভাবে তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা |
| ১৯ উপজেলা আইসিটি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান যে, আইসিটি বিভাগ কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের জন্য সভায় আহ্বান করেন। | সকল ওয়েব পোর্টাল সহ ডিজিটাল ল্যবগুলি নিয়মিত আপডেট করতে হবে | সহকারী প্রোগ্রামার |
| ২০ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| বিবিধ : ১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ফেব্রুয়ারি-২০২৩ মাসের চেয়ারম্যান ৪০,০০০/- ও ভাইস চেয়ারম্যান ২৭০০০/- ভাইস চেয়ারম্যান মহিলা ২৭০০০/- সম্মানী ভাতা ও আপ্যায়ন বিল ৩০,০০০/- মনোহরী ৫০০০/- মালী ও সুইপারের দেনিক ভাতা বাবদ ২৪০০০/- এবং ইন্টারনেট বিল ৭০০০/- টাকা, উপজেলা পরিষদের জন্য একটি উন্নতমানের ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার ৬০০০০/- (ষাট হাজা) টাকার দাখিল করেন। উক্ত বিল সভায় অনুমোদনের জন্য প্রেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খরচ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

চেয়ারম্যান উপজেলা পরিষদ সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে নিম্নোক্ত প্রকল্পগুলি জরুরি ভিত্তিতে সম্পাদন করা প্রয়োজন। উক্ত প্রকল্পগুলি অনুমোদনের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

০১। সরকারি শিশু পরিবারের শিক্ষার্থীদের জন্য বেঞ্চ সরবরাহ-২,০০,০০০/-

০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের দক্ষিণ পাশে পুকুরের পাড় রক্ষার্থে গাইড ওয়াল নির্মাণ-২,০০,০০০/-

০৩। উপজেলা পরিষদ কোয়ার্টারের পশ্চিম পাশের ভাউন্ডারী ওয়াল নির্মাণ/সংস্কার ও কাটাতার স্থাপন-২,০০,০০০/-

০৪। সুহাতা রহিম মিয়ার বাড়ি থেকে বজলু ভূইয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ-২,০০,০০০/-

০৫। উপজেলা পরিষদ ভবনের সামনে সৌন্দর্য বর্ধন মাঠ সিসিকরণ-১০,০০,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফিরোজুর রহমান
সভাপতি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।

স্মারক নং- ০৫.৪২.১২১৩.০০০.৩০.০১০.২৩-১২৯ তারিখ ঃ ২৮.০২.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া- ৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫. মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
০৮. উপজেলা ------------------------------------------ কর্মকর্তা (সকল), ব্রাহ্মণবাড়িয়া সদর।
০৯. চেয়ারম্যান------------------------------------------ইউপি(সকল), ব্রাহ্মণবাড়িয়া সদর।

২৮/০২/২০২৩

মোহাম্মদ সেলিম শেখ
উপজেলা নিবার্হী অফিসার
ব্রাহ্মণবাড়িয়া সদর।
ইমেইল- unosadarbrahmanbaria@gmail.com